রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৬৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'হজ ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| (২) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| (৫) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : | সদস্য |
| (৬) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১১) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | সদস্য |
| (১২) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | : | সদস্য |
| (১৫) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | : | সদস্য |
| (১৬) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৭) | পরিচালক, হজ অফিস, ঢাকা | : | সদস্য |
| (১৮) | সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) | : | সদস্য |
| (১৯) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

১.৩। জাতীয় কমিটির সভা এ কমিটির সভাপতির সম্মতিক্রমে সদস্য-সচিব কর্তৃক আহ্বান করা হবে এবং সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।

১.৪। সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে প্রয়োজনে সভাপতি কর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করতে পারবেন।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৬। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৭। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০২ অক্টোবর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০৮.২৪.১৭৩ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd